



## OPWDD-এর এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রাম

### ভূমিকা

এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রাম, বিকাশগত প্রতিবন্ধিতা আছে এমন ব্যক্তিদের ক্যারিয়ার পরিকল্পনা করে এবং তাদের কমিউনিটিতে চাকরি পেতে সাহায্য করে। এই প্রোগ্রাম বেতনযুক্ত ইন্টার্নশিপের মাধ্যমে লোকজনকে বিভিন্ন চাকরির অভিজ্ঞতা নিয়ে শিখতে সাহায্য করে যেখানে তারা নতুন দক্ষতা অর্জন করতে পারেন। যেসব ইন্টার্ন ভালো পারফর্ম করেন তাদের বেশিরভাগ সময় নিয়োগকারী দ্বারা চাকরি প্রদান করা হয়।

### প্রোগ্রামের সংক্ষিপ্ত বিবরণ:

- **এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রামে কে অংশগ্রহণ করতে পারবেন?** যেসব ব্যক্তি তাদের প্রথম চাকরিটি খুঁজছেন বা যারা নতুন চাকরি খুঁজছেন তারা এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রামে যোগ দেওয়ার জন্য আবেদন করতে পারেন। কোনও চাকরিপ্রার্থীকে প্রোগ্রামে নিয়ে নেওয়া হলে, তিনি একজন পরিষেবা প্রদানকারী এজেন্সি বেছে নিতে পারবেন, এই এজেন্সি তাকে ইন্টার্নশিপ পেতে সাহায্য করবে।
- **নিরবচ্ছিন্ন সহায়তা** - এই পরিষেবা প্রদানকারী এজেন্সি সমর্থিত নিয়োগকরণ পরিষেবার মাধ্যমে চাকরির জন্য কোচিং প্রদান করবে। চাকরির জন্য কোচিং, নিয়োগকর্তা চাকরিতে যে ধরনের কাজ করতে বলবেন, সেই ধরনের কাজ সম্পন্ন করতে শেখায়া কোনও ব্যবসায়িক প্রতিষ্ঠান ইন্টার্নদের নিয়োগ করলে, চাকরির জন্য কোচিং নতুন কর্মীদের চাকরিতে ভালো পারফর্ম করতে সাহায্য করবে।
- **ক্যারিয়ার পরিকল্পনা** - এছাড়া, OPWDD-এর হয়ে কাজ করেন এমন একজন এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রাম সুপারভাইজর ইন্টার্নকে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করতে সাহায্য করবে। তারা লোকজনকে ক্যারিয়ার পরিকল্পনা করতে, নিজের দক্ষতা চিনে নিতে, পছন্দের চাকরি খুঁজতে এবং ট্রেনিংয়ের প্রয়োজনীয়তা বিবেচনা করতে সাহায্য করবে। ইন্টার্নের ক্যারিয়ার পরিকল্পনা থেকে বোঝা যায় ইন্টার্নশিপ বিকাশ করার জন্য কী কী প্রয়োজন যা ইন্টার্ন এবং নিয়োগকর্তার জন্য উপযুক্ত হবে।
- **চাকরির জন্য প্রস্তুত করার ক্লাস** - ইন্টার্ন এমন ক্লাসে অংশগ্রহণ করেন যা তাদের কর্মক্ষেত্রে সফল হওয়ার জন্য টিম ম্যানেজমেন্ট, কাস্টমার সার্ভিস, নমনীয়তা, কমিউনিকেশন, হিউম্যান রিসোর্স নীতি এবং অন্যান্য দক্ষতা শিখতে সাহায্য করে।

• **পে-চেক পাওয়া** - প্রাথমিক ট্রেনিং চলাকালীন OPWDD ন্যূনতম মজুরি প্রদান করবে।

- ইন্টার্নকে নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী, পার্ট-টাইম কর্মী হিসেবে বিবেচনা করা হয় এবং তারা ওয়ার্কাস কম্পেসশন এবং জেনারেল লায়ালিটি ইন্সুরেন্সের আওতায় পড়েন।
- ইন্টার্নশিপের নির্দিষ্ট সময়সীমা আছে, এটির মেয়াদ সাধারণত তিন থেকে ছয় মাস হয়।
- এটি আশা করা হয়, ইন্টার্ন যদি প্রমাণ করতে পারেন যে তিনি চাকরির ক্ষেত্রে প্রয়োজনীয় দায়িত্ব পালন করতে পারবেন, তাহলে নিয়োগকারী ব্যবসায়িক প্রতিষ্ঠান তাকে নিয়োগ করবে।

### শুরু করতে:

এমপ্লয়মেন্ট ট্রেনিং প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে, আপনার কেয়ার ম্যানেজারের সাথে যোগাযোগ করুন।

• সাধারণ তথ্যের জন্য, এই আইডিতে যোগাযোগ করুন:

[Employment.vocational.services@opwdd.ny.gov](mailto:Employment.vocational.services@opwdd.ny.gov)

